# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ঢাকা, বাংলাদেশ।

বাপবিবো নির্দেশিকাঃ ৭০০-০৬

**বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর যানবাহন সংক্রান্ত নীতিমালা।**

অনুমোদনের তারিখ : ২৩-০৩-১৯৮৭ খ্রিষ্টাব্দ

সর্বশেষ সংশোধনের তারিখ : ১৯-০২-২০২০ খ্রিষ্টাব্দ

**উদ্দেশ্যঃ** বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর যানবাহন ব্যবহার, রক্ষণাবেক্ষণ, মেরামত ইত্যাদি বিষয়ে নিয়মাবলী।

| নীতিমালা | মন্তব্য |
|---|---|
| **নীতিমালাঃ**<br>**১। বিভিন্ন কমিটিঃ**<br>**ক) যানবাহন রক্ষণাবেক্ষণ কমিটিঃ**<br>**(১) কমিটিঃ** যানবাহন রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কমিটি নিমণরূপঃ<br>প্রধান প্রকৌশলী (প্লানিং এন্ড অপারেশন) - আহ্বায়ক<br>পরিচালক, অর্থ - সদস্য<br>পরিচালক, সিএসএন্ডএম - সদস্য<br>পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর - সদস্য -সচিব<br>**(২) দায়িত্বাবলীঃ**<br>i) যানবাহন রক্ষণাবেক্ষণের জন্য পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক ওয়ার্কসপ তালিকাভূক্ত করণ;<br>ii) বাপবিবো এর কর্মকর্তা/কর্মচারীগণের অফিসে আসা যাওয়ার জন্য ব্যবহৃত ষ্টাফ বাস/ মাইক্রোবাস/মিনিবাসের রুট নির্ধারণ/পুনঃ নির্ধারণ;<br>iii) যানবাহন মেরামতের জন্য গাড়ির ব্রান্ড অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠানের স্থানীয় এজেন্সীকে ওয়ার্কসপ থাকা সাপেক্ষে তালিকাভুক্ত করা;<br>iv) ডেন্টিং, পেন্টিং ও অন্যান্য মেরামত কাজের জন্য উপরিউক্ত প্রতিষ্ঠান ছাড়াও উন্নতমানের ওয়ার্কসপ আলাদাভাবে তালিকাভুক্ত করতে পারবে।<br>**খ) কনডেমনেশন কমিটি ও নিলাম কমিটিঃ**<br>**(১) কনডেমনেশন কমিটি নিম্নরূপঃ**<br>প্রধান প্রকৌশলী (প্লানিং এন্ড অপারেশন) - আহ্বায়ক<br>পরিচালক, অর্থ - সদস্য<br>পরিচালক, সিএসএন্ডএম - সদস্য<br>পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর - সদস্য-সচিব | |

| বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | | | | |
|---|---|---|---|---|
| বাপবিবো নির্দেশিকাঃ ৭০০-০৬: | | | | |
| **বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর যানবাহন সংক্রান্ত নীতিমালা।** | | | | |
| মূল তারিখ | সংশোধনকারী | অনুমোদনকারী | সেকশন/পৃষ্ঠা | সংশোধনী নম্বর |
| ২৩-০৩-১৯৮৭ | বাপবিবো | বাপবিবো বোর্ড | ৭০০-০৬-১ | ১৪ (০২-২০২০) |
| সংশোধনের তারিখঃ ২৭-০১-১৯৯২, ২৮-০২-১৯৯৩, ১১-০৮-১৯৯৩, ০৪-০৬-১৯৯৮, ০৩-০৩-১৯৯৯, ২৩-০১-২০০২, ০৮-০৬-২০০২, ১৭-০৯-২০০২, ২৮-১০-২০০২, ০২-০৪-২০০৩, ১৬-০৪-২০০৩, ০৯-১১-২০০৩, ০১-০৯-২০০৫, ১৯-০২-২০২০ | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREP

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

যানবাহন কনডেমকরণের ক্ষেত্রে বিআরটিএ-এর একজন প্রতিনিধিকে কনডেমনেশন কমিটির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করতে হবে।

**দায়িত্বাবলীঃ**

i) উপরিউক্ত কমিটি নিয়মানুযায়ী যানবাহনসমূহ কনডেমকরণ ও প্রাক্কলিত মূল্য নির্ধারণ করবে।

ii) প্রয়োজনে উপর্যুক্ত কমিটি সাব-কমিটি গঠন পূর্বক কার্য সমাধা করতে পারবে।

**(২) কনডেম ঘোষিত যানবাহনের নিলাম কমিটিঃ**

প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা - আহ্বায়ক
পরিচালক (আইটি), বাপবিবো, ঢাকা - সদস্য
পরিচালক (হিসাব), বাপবিবো, ঢাকা - সদস্য
উপ-পরিচালক (সাধারণ প্রশাসন),
সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা - সদস্য-সচিব

বিআরটিএ কর্তৃক মনোনীত ০১ জন প্রতিনিধিকে (কনডেমনেশন কমিটির জন্য মনোনীত ব্যক্তি ব্যতীত অন্য ০১ জন অর্থাৎ কনডেমনেশন ও নিলাম কমিটিতে পৃথক পৃথক সদস্য অন্তর্ভূক্ত হতে হবে) কমিটির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করতে হবে।

**দায়িত্বাবলীঃ**

i) উপরিউক্ত কমিটি কনডেম ঘোষিত যানবাহনসমূহ নিলামে বিক্রয়ের সুপারিশ করবে।

**গ) ঢাকার বাইরে অফিসে বরাদ্দকৃত যানবাহন হতে প্রাপ্ত ব্যবহারের অনুপযোগী টায়ার টিউব ও ব্যাটারি নিলামে বিক্রয় ও খুচরা যন্ত্রাংশ ধ্বংস করার কমিটি নিম্নরূপঃ**

**(১) কমিটিঃ**

পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়ের জন্য

পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট দপ্তর - আহ্বায়ক
উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট দপ্তর - সদস্য
সহকারী প্রকৌশলী/সহঃপরিচালক (সংশ্লিষ্ট দপ্তরের আওতাধীন দপ্তরে কর্মরত) - সদস্য সচিব

প্রকল্প বিভাগ/ সিস্টেম অপারেশন (ওয়ার্কশপ/আঃ অফিস) এর জন্য

পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী - আহ্বায়ক
নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট দপ্তর - সদস্য
সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট দপ্তর - সদস্য সচিব

চট্টগ্রাম/খুলনা/ঢাকা পণ্যাগারের জন্য

পরিচালক, সিএসএন্ডএম পরিদপ্তর - আহ্বায়ক
নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/সহকারী পরিচালক (প্রযোজ্য ক্ষেত্রে) (সংশ্লিষ্ট পণ্যাগার) - সদস্য- সচিব
সহকারী প্রকৌশলী/সহঃ পরিচালক/ ষ্টোর কিপার (প্রযোজ্য ক্ষেত্রে) (সংশ্লিষ্ট পণ্যাগার) - সদস্য



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

**(২) দায়িত্বাবলীঃ**

উপর্যুক্ত কমিটি কর্তৃক যানবাহন হতে প্রাপ্ত ব্যবহার অনুপোযোগী মালামাল কনডেমনেশন সহ টায়ার-টিউব, ব্যাটারি ও অন্যান্য খুচরা যন্ত্রাংশসমূহ বিক্রয় ও ধবংস করা।

**ঘ) দুর্ঘটনা কবলিত (ক্ষতিগ্রস্থ, ছিনতাই, চুরি বা খোয়া গেলে) যানবাহনের তদন্ত সংক্রান্ত কমিটিঃ**

(১) **কমিটিঃ** দুর্ঘটনা কবলিত (ক্ষতিগ্রস্থ, ছিনতাই, চুরি বা খোয়া গেলে) যানবাহনের তদন্ত করার নিমিত্তে তদন্ত কমিটি নিম্নরূপঃ

i) ঢাকায় অবস্থিত অফিসের যানবাহনের ক্ষেত্রেঃ

| | | |
|---|---|---|
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (পদ মর্যাদার কর্মকর্তা) | - | আহ্বায়ক |
| উপ-পরিচালক/ সহকারী পরিচালক/ সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট দপ্তর) | - | সদস্য-সচিব |
| সহকারী প্রকৌশলী (যানবাহন) | - | সদস্য |

ii) ঢাকার বাহিরে অবস্থিত অফিসের যানবাহনের ক্ষেত্রেঃ

| | | |
|---|---|---|
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংশ্লিষ্ট জোন) | - | আহ্বায়ক |
| উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট দপ্তর) | - | সদস্য-সচিব |
| সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট দপ্তর) | - | সদস্য |

**(২) দায়িত্বাবলীঃ**

i) উপর্যুক্ত কমিটি দূর্ঘটনা কবলিত (ক্ষতিগ্রস্থ, ছিনতাই, চুরি বা খোয়া গেলে) গাড়ির চূড়ান্তভাবে তদন্ত করতঃ দায় দায়িত্ব নিরুপন করার যাবতীয় দায়িত্ব পালন;

**ঙ) গাড়ী ভাড়া করণ সংক্রান্ত মূল্যায়ন কমিটিঃ**

(১) **কমিটিঃ** গাড়ী ভাড়া করণের বিষয়ে কমিটি নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর | - | আহ্বায়ক |
| উপ-পরিচালক, সাধারন প্রশাসন বিভাগ | - | সদস্য-সচিব |
| সহকারী পরিচালক (যানবাহন) | - | সদস্য |
| সহকারী পরিচালক, অর্থ | - | সদস্য |
| সহকারী প্রকৌশলী (যানবাহন) | - | সদস্য |

এছাড়া পিপিএ/পিপিআর অনুযায়ী অন্য মন্ত্রণালয়ের ০২টি প্রতিষ্ঠানের ০২ জন কর্মকর্তা কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৩০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(২) দায়িত্বাবলীঃ

i) উপর্যুক্ত কমিটি বিভিন্ন রূটের গাড়ী ভাড়া করার বিষয়ে দরপত্র মূল্যায়ন করবেন;

## ২। যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নিয়মাবলীঃ

### ক) যানবাহন মেরামতঃ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর সকল যানবাহন সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে অনুসৃত নীতিমালা নিমণরূপঃ

১) যানবাহন সমূহের মেরামত কাজ পিপিএ/পিপিআর অনুসরণ করে প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহপূর্বক বাপবিবো অথবা বাহিরের তালিকাভুক্ত ওয়ার্কসপে করা হবে। এরূপ মেরামত কাজ নিম্নরূপভাবে করা হবেঃ

ক) দৈনন্দিন স্বল্প মূল্যের মেরামত কাজ এবং জরুরী মেরামত কাজ সমূহ বাপবিবো এর নিজস্ব ওয়ার্কসপে/বাইরের ওয়ার্কসপে সম্পাদন করা;

খ) বড় ধরণের মেরামত কাজ (বিশেষ ভাবে ইঞ্জিন ওভারহোলিং) তালিকাভূক্ত ওয়ার্কসপ/বাপবিবো এর ওয়ার্কসপের মাধ্যমে করা হবে। এছাড়া ডেন্টিং, পেন্টিং ও অন্যান্য মেরামত কাজ বাপবিবো তালিকাভূক্ত ওয়ার্কসপে হতে সম্পাদন করতে হবে। বিশেষক্ষেত্রে উন্নতমানের/সরবরাহকারী প্রতিষ্ঠানের ওয়ার্কসপ হতে পিপিএ/পিপিআর অনুসরণ করতঃ মেরামত কাজ করা যাবে।

২) যানবাহন মেরামতের ক্ষেত্রে প্রয়োজনীয় যন্ত্রাংশ সংগ্রহের জন্য সকল ক্ষেত্রেই নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করা হবেঃ

ক) যানবাহন পুলের গাড়ি মেরামতের জন্য, সরাসরি ক্রয়ের ক্ষেত্রে (DPM) পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর কর্তৃক প্রতি অর্থ বছর নিম্নোক্ত কমিটি গঠন পূর্বক যন্ত্রাংশ সংগ্রহ করবেঃ

i) সহকারী প্রকৌশলী, সাধারণ প্রশাসন বিভাগ -সদস্য-সচিব

ii) সহকারী পরিচালক (প্রশাসন) -সদস্য

iii) সহকারী পরিচালক (অর্থ) -সদস্য

খ) প্রয়োজনবোধে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক সরাসরি সরবরাহকারীর নিকট হতে যন্ত্রাংশ ক্রয়/মেরামত কাজ সম্পাদন;

গ) সদর দপ্তরস্থ যানবাহন মেরামতের ক্ষেত্রে গাড়ি মেরামতের জন্য দায়িত্ব প্রাপ্ত সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী/ফোরম্যান, সাধারণ প্রশাসন বিভাগ এর রিকমেন্ডেশন অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) যানবাহনের প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয়;

ঘ) প্রতিটি গাড়ির জন্য আলাদা আলাদা ভাবে যন্ত্রাংশ ক্রয় করা।



(Md. Mozibur Rahman) Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam) Consultant; TAPP, BREB

(Md. Mozammel Huq) Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque) Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque) Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty) PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik) Asst. Secy. (Board), BREB.

| | |
|---|---|
| ৩। ঢাকাস্থ অফিসমূহের জন্য পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক বাপবিবো ও অর্থমন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত আর্থিক ক্ষমতা অনুযায়ী খুচরা যন্ত্রাংশ ক্রয় ও মেরামত কাজঃ<br><br>পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক ) = ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত;<br>সদস্য (প্রশাসন) = ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা;<br>চেয়ারম্যান = ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকার উর্দ্ধে। | |
| ৪। ক) ঢাকার বাহিরে অবস্থিত অফিসসমূহের নিয়ন্ত্রণাধীন যানবাহন মেরামতের জন্য পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক বাপবিবো/অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত আর্থিক ক্ষমতা অনুযায়ী খুচরা যন্ত্রাংশ ক্রয় ও মেরামত কাজঃ<br><br>নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক পর্যায়ের কর্মকর্তা- ১০,০০০.০০ (দশ হাজার টাকা);<br>পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তা-২৫,০০০.০০(পাঁচিশ হাজার টাকা);<br>সংশ্লিষ্ট সদস্য = ১,০০,০০০.০০(এক লক্ষ) টাকা;<br>চেয়ারম্যান = ১,০০,০০০.০০ (এক লক্ষ)-এর উর্দ্ধে।<br><br>(খ) ঢাকাস্থ বিভিন্ন দপ্তর/পরিদপ্তরের যানবাহন সমূহের রক্ষণাবেক্ষণের নিমিত্তে অফিস প্রধানগণকে (পরিচালক/সম-মর্যদা সম্পন্ন কর্মকর্তাগণ) নিম্নোক্ত ক্ষমতা প্রদান করা হলোঃ<br><br>১. স্পার্ক প্ল্যাগ, সিবি পয়েন্ট, কনডেন্সার, ফ্যান বেল্ট, হর্ণ, টিউব, সব ধরণের ফিল্টার এবং অন্যান্য ফাষ্ট মুভিং যন্ত্রাংশ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার মধ্যে ক্রয় করা যাবে, যা স্ব-স্ব দপ্তরের ইমপ্রেষ্ট তহবিল হতে ব্যয় করার পর পুনঃ ভরণযোগ্য হবে।<br>২. যানবাহন সমূহের টায়ার/ব্যাটারির নির্ধারিত মাইলেজ/সময় পূর্ণ হওয়া সাপেক্ষে টায়ার/ব্যাটারি স্ব-স্ব দপ্তর/পরিদপ্তর কর্তৃক ক্রয় করা যাবে।<br>৩. পুরাতন টায়ার/ব্যাটারি এবং যন্ত্রাংশসমূহ পরিবর্তনের পর পরই সাধারণ প্রশাসন বিভাগের কমন সার্ভিস ষ্টোরে জমা দিতে হবে এবং যন্ত্রাংশসহ টায়ার/ব্যাটারি ক্রয় পূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে। | |



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Dunidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque,
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

| | |
|---|---|
| গ) নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক পর্যায়ের কর্মকর্তাগণ পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক এককালীন সর্বোচ্চ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মূল্যের যন্ত্রাংশ ক্রয়/ মেরামত কাজ স্থানীয়ভাবে করতে পারবেন। প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয়সহ মেরামত কাজের জন্য নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালকগণ একটি ক্রয় কমিটি গঠন পূর্বক কার্য সম্পাদন করবেন। | |
| ঘ) ঢাকার বাহিরে অবস্থিত দপ্তর/পরিদপ্তরসমূহ প্রতি অর্থ বৎসর পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক ওয়ার্কশপ তালিকাভুক্ত করবে। ওয়ার্কসপ তালিকাভুক্তির জন্য সর্বোচ্চ ০৩ (তিন) বার নোটিশ আহবানের পরও কমপক্ষে ০৩ টি যোগ্য প্রতিষ্ঠান পাওয়া না গেলে স্থানীয়ভাবে যানবাহন মেরামত কমিটি গঠন পূর্বক কাজ সম্পন্ন করতে হবে। | |
| ৫। সাধারণভাবে সকল ধরনের মেরামত কাজ (প্রযোজ্যক্ষেত্রে খুচরা যন্ত্রাংশসহ) বাপবিবো তালিকাভুক্ত ওয়ার্কসপ/নিজস্ব ওয়ার্কসপ হতে করা হবে। কেবলমাত্র জরুরী প্রয়োজন ও বিশেষ ধরণের কাজ বিবেচনায় চেয়ারম্যান এর অনুমোদনক্রমে বাপবিবো তালিকাভুক্ত নয় এমন ওয়ার্কসপ হতে যানবাহন মেরামত করা যাবে। তবে ঢাকার বাহিরের দপ্তরসমূহ ০৪ নং অনুচ্ছেদের গ উপ-অনুচ্ছেদ মোতাবেক গাড়ি মেরামত করতে পারবেন। | |
| ৬। যানবাহন ব্যবহারকারী দপ্তর/পরিদপ্তর প্রতি অর্থ বছর প্রতিটি গাড়ির রক্ষণাবেক্ষণ খরচের প্রতিবেদন তৈরী পূর্বক পরবর্তী অর্থ বছরের শুরুতে যানবাহন শাখায় প্রেরণ করবে। কোন গাড়ি ঘন ঘন মেরামত ও রক্ষণাবেক্ষণ অত্যধিক ব্যয়বহুল হলে সংশ্লিষ্ট দপ্তর/পরিদপ্তর গাড়িটি কনডেম ঘোষণা করার লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যসহ যানবাহন শাখার মাধ্যমে কনডেমনেশন কমিটির নিকট প্রস্তাব প্রেরণ করবে। | |
| ৭। বাপবিবো যানবাহনসমূহের টায়ার/ব্যাটারি স্ব-স্ব দপ্তর/পরিদপ্তরের প্রধানগণ ইন্ডেন্ট ও প্রাপ্যতা যাচাই করে পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক সরাসরি/কার্যাদেশ প্রদান পূর্বক টায়ার ও ব্যাটারি সংগ্রহ করবে। টায়ার ও ব্যাটারির ক্ষেত্রে নিম্নেবর্ণিত পদ্ধতি অনুসৃত হবেঃ<br>**<u>টায়ার পরিবর্তনের মাইলেজঃ</u>**<br>ক) কার : ২৯,৬০০ কিঃমিঃ।<br>খ) জীপ : ৩৭,০০০ কিঃমিঃ।<br>গ) মাইক্রোবাস : ৩৭,০০০ কিঃমিঃ।<br>ঘ) পিক-আপ : ৩৭,০০০ কিঃমিঃ।<br>ঙ) মটর সাইকেলঃ ২০,০০০ কিঃ মিঃ।<br><br><u>বিঃ দ্রঃ</u> (১) যানবাহনের টায়ার পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট যানবাহনের Operation Manual এবং Maintenance Manual এর নির্দেশনাকে অগ্রাধিকার দিতে হবে।<br>(২) যানবাহনের টায়ারের সমপরিমাণ ক্ষয় নিশ্চিতকরণের লক্ষ্যে নির্দিষ্ট সময় অন্তর টায়ার/চাকা বদল (যেমন সামনের টায়ার পিছনে, ডানের টায়ার বামে, বামের টায়ার | |



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

ডানে, পিছনের টায়ার সামনে) করতে হবে। এক্ষেত্রেও সংশ্লিষ্ট যানবাহনের Maintenance Manual এর নির্দেশনাকে অগ্রাধিকার দিতে হবে।

**ব্যাটারি পরিবর্তনঃ** ০২ (দুই) বছর অন্তর পরিবর্তন করা যাবে। তবে বাস্তব অবস্থার প্রেক্ষিতে যানবাহন শাখার মতামতের ভিত্তিতে সদস্য (প্রশাসন) মহোদয়ের অনুমোদনক্রমে ০২ (দুই) বছরের পূর্বেও ক্রয় করা যাবে।

**(খ) যানবাহন রক্ষণাবেক্ষণঃ**

**(১) অকটেন/পেট্রোল চালিত যানবাহনঃ**

নিম্নে প্রতিটি আইটেমের পার্শ্বে বর্ণিত মাইলেজ অন্তর ঐ আইটেম পরিবর্তন করতে হবেঃ

| আইটেমের নাম | মাইলেজ | লুব্রিকেন্ট | মন্তব্য |
|---|---|---|---|
| সার্ভিসিং (গ্রিজিং ও ওয়াশিং) | ৬,০০০ কিঃমিঃ অন্তর অথবা চার মাস অন্তর, যা আগে ঘটবে। | - | কেরোসিন ও তৈল দ্বারা কোন অবস্থাতেই গাড়ির কোন অংশে স্প্রে করা যাবে না। |
| ইঞ্জিন ওয়েল | ৬,০০০ কিঃমিঃ অথবা ৪ মাস অন্তর, যা আগে ঘটবে। | এস এই-৯০, ভিসকো-২০০০, সুপার ভি মবিল (মবিল কোম্পানী), জি এল এস অথবা মবিল কোম্পানীর ভাল মানের মবিল | |
| স্পার্ক প্ল্যাগ | ১০,০০০ কিঃমিঃ অন্তর। তবে বাস্তব অবস্থার প্রেক্ষিতে এবং জরুরী প্রয়োজনে ও যুক্তিসংগত কারণে এর পূর্বেও পরিবর্তন করা যাবে। | - | অবশ্যই প্রস্তুতকারক কর্তৃক নির্দেশিত প্ল্যাগ দ্বারা পরিবর্তন করতে হবে, তবে পুরাতন গাড়ির ক্ষেত্রে এই নীতি শিথীলযোগ্য। |
| ইঞ্জিন ওয়েল ফিল্টার | ৬,০০০ কিঃমি অথবা ৪ মাস অন্তর, যা আগে ঘটবে। | - | - |
| এয়ার ফিল্টার | ১৫,০০০ কিঃমিঃ অন্তর | - | - |



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

| | | | |
|---|---|---|---|
| | অথবা বাস্তব অবস্থার প্রেক্ষিতে। | | |
| ফুয়েল ফিল্টার | ১৫,০০০ কিঃমিঃ অন্তর অথবা বাস্তব অবস্থার প্রেক্ষিতে। | - | - |
| ডিষ্ট্রিবিউটর পয়েন্ট | বাস্তবতার প্রেক্ষিতে | - | - |
| গিয়ার বক্স ওয়েল/ ডিফারেন্টসিয়াল বক্স ওয়েল | ২৫,০০০ কিঃমিঃ অথবা ১ বৎসর অন্তর পরিবর্তন করা যাবে। | গিয়ার ওয়েল বা এম এই-৯০ | - |

**বিঃ দ্রঃ উপরের প্রতিটি আইটেম পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট যানবাহনের Operation Manual এবং Maintenance Manual এর নির্দেশনাকে অগ্রাধিকার দিতে হবে।**

**(২) ডিজেল চালিত যানবাহনঃ**

| আইটেমের নাম | মাইলেজ | লুব্রিকেন্ট | মন্তব্য |
|---|---|---|---|
| সার্ভিসিং (গ্রিজিং ও ওয়াশিং) | ৬,০০০ কিঃমিঃ অন্তর অথবা চার মাস অন্তর, যা আগে ঘটবে। | - | কেরোসিন ও তৈল দ্বারা কোন অবস্থাতেই গাড়ির কোন অংশে স্প্রে করা যাবে না। |
| ইঞ্জিন ওয়েল | ৬,০০০ কিঃমিঃ অন্তর অথবা ৪ মাস অন্তর, যা আগে ঘটবে। | এস এই-৯০ অথবা মাল্টিগ্রেড-২০-৪০ এনারগল (ডিজেল ইঞ্জিল) | - |
| স্পার্ক প্ল্যাগ | ১৫,০০০ কিঃমিঃ অন্তর। তবে বাস্তব অবস্থার প্রেক্ষিতে এবং জরুরী প্রয়োজনে ও যুক্তিসংগত কারণে এর পূর্বেও পরিবর্তন করা যাবে। | - | অবশ্যই প্রস্তুতকারক কর্তৃক নির্দেশিত প্ল্যাগ দ্বারা পরিবর্তন করতে হবে, তবে পুরাতন গাড়ির ক্ষেত্রে এই নীতি শিথীলযোগ্য। |
| ফুয়েল ফিল্টার | ১৫,০০০ কিঃমিঃ অথবা ১ বৎসর অন্তর, | - | - |



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

| | | | |
|---|---|---|---|
| | যা আগে ঘটবে। | | |
| ইঞ্জিন ওয়েল ফিল্টার | ৬,০০০ কিঃমিঃ অথবা ৪ মাস অন্তর, যা আগে ঘটবে। | - | - |
| ডিফারেন্টসিয়াল বক্স ওয়েল গিয়ার বক্স ওয়েল ও ট্রান্সফার কেমওয়েল | ২৪,১৫০ কিঃমিঃ অথবা ১ বৎসর অন্তর, যা আগে ঘটবে। | গিয়ার ওয়েল এস, এ, ই-৯০ | - |
| ইনজেক্টর পাম্প কাম চেম্বার | ১২,০৭৫ কিঃমিঃ | ইঞ্জিন ওয়েল | - |
| গর্ভনর চেম্বার | ১২,০৭৫ কিঃমিঃ | ইঞ্জিন ওয়েল | - |
| ফুয়েল ট্যাংক পরিষ্কার | ০২ (দুই) বছর অন্তর | | |

**বিঃ দ্রঃ উপরের প্রতিটি আইটেম পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট যানবাহনের Operation Manual এবং Maintenance Manual এর নির্দেশনাকে অগ্রাধিকার দিতে হবে।**

**(৩) মটর সাইকেলঃ**

| আইটেমের নাম | মাইলেজ | লুব্রিকেন্ট | মন্তব্য |
|---|---|---|---|
| সার্ভিসিং (গ্রিজিং ও ওয়াশিং) | ১,৫০০ কিঃমিঃ অন্তর অথবা দুই মাস অন্তর, যা আগে ঘটবে। | - | কেরোসিন ও তৈল দ্বারা কোন অবস্থাতেই গাড়ির কোন অংশে স্প্রে করা যাবে না। |
| ইঞ্জিন ওয়েল | ১,৫০০ কিঃমিঃ অন্তর অথবা দুই মাস অন্তর, যা আগে ঘটবে। | | |

উপরে বর্ণিত নিয়মানুযায়ী অবশ্যই কার্য সমাধা করতে হবে। এ নিয়ম পালনে ব্যর্থ হবার কারণে যানবাহনের কোন ক্ষতি সাধিত হলে ক্ষতির জন্য সংশ্লিষ্ট গাড়িচালক এবং যানবাহন পুলের জন্য সহকারী প্রকৌশলী, সাধারণ প্রশাসন বিভাগ ও দপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে দপ্তর প্রধান দায়ী থাকবেন। ঢাকার বাহিরের গাড়ির জন্য গাড়িচালক এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধান দায়ী থাকবেন।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

গ) ক্রেনঃ

১। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ক্রেনগুলো দপ্তর/অফিস প্রধানের দায়িত্বে উন্নতমানের ওয়ার্কসপ/প্রতিষ্ঠান মারফত মেরামত করা হবে।

২। ক্রেনগুলো মেরামতের জন্য পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক বাপবিবো/অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত আর্থিক ক্ষমতা অনুযায়ী খুচরা যন্ত্রাংশ ক্রয় ও মেরামত কাজ করা যাবে।

৩। খুচরা যন্ত্রাংশ বাপবিবো এর ঢাকা/খুলনা/চট্রগ্রাম পণ্যাগার হতে সিএসএন্ডএম পরিদপ্তরের মাধ্যমে ইস্যু করা হবে। যদি কোন প্রয়োজনীয় যন্ত্রাংশ পণ্যাগারে মজুদ না থাকে তা হলে পিপিএ/পিপিআর অনুসরণ পূর্বক সংগ্রহ করা যাবে।

৪। প্রত্যেকটি ক্রেনকে প্রতিমাসে একবার করে সার্ভিসিং ও পরীক্ষা নিরীক্ষা করা হবে। সার্ভিসিং এর সময় বাপবিবো গ্রীজ সরবরাহ করবে। প্রয়োজনীয় লুব্রিকেটিং ওয়েল এবং হাইড্রোলিক ওয়েল বাপবিবো সরবরাহ করতে না পারলে ওয়ার্কসপ সরবরাহ করবে। উক্ত তৈলের মূল্য হিসেবে সরবরাহকারীকে বাপবিবোর্ড পরিশোধ করবে। যে প্রতিষ্ঠান হতে তৈল ক্রয় করা হবে ঐ প্রতিষ্ঠান হতে তৈলের প্রকৃত মূল্যের ভাউচার/ইনভয়েসের ফটোকপি বিলের সহিত সংযোজন করতে হবে। সংশ্লিষ্ট পরিচালকগণ ভাউচার/ ইনভয়েসের যথার্থতা নির্ধারণ করবেন।

৫। ক্রেনসমূহ নিত্য ব্যবহার না হওয়ার কারণে প্রায়ই অচল থাকে বিধায় ক্রেনসমূহ পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে অন্ততঃ একবার করে চালু করতে হবে।

ঘ) **সিএনজি চালিত গাড়িসমূহ রক্ষণাবেক্ষণঃ**

১। প্রতি ৩ দিন অথবা ২০০ কিঃমিঃ পর পর এয়ার ফিল্টার পরিস্কার করতে হবে, যা গাড়িচালক নিজেই করবেন।

২। সিএনজি চালিত গাড়ি প্রতি ১৫০০০ কিঃমি/৩ মাস চলার পর এয়ার ফিল্টার এবং স্পার্ক প্ল্যাগ পরিবর্তন করতে হবে;

৩। নতুন এয়ার ফিল্টার লাগানোর পর সিএনজি চালিত গাড়ী পুনরায় টিউনিং করতে হবে;

৪। সিএনজি চালিত গাড়ি প্রতি ১,০০,০০০ কিঃমিঃ চলার পর সিএনজি সিস্টেমকে ওভার হলিং করে নিতে হবে;

৫। সিএনজি চালিত গাড়ির গ্যাস সিলিন্ডারের প্রেসার ধারণ ক্ষমতা ৫ (পাঁচ) বছর পর পর পরীক্ষা করতে হবে;

৬। সিএনজি চালিত কার্বুরেটর গাড়ির ৭.৫ এ্যাম্পিয়ার ফিউজটি কেটে গেলে পেট্রোল বা গ্যাস কোনটাতেই ইঞ্জিন ষ্টার্ট হবে না। সে ক্ষেত্রে ফিউজ পরিবর্তন করতে হবে। এ সমস্যা এড়ানোর জন্য সর্বদা গাড়িতে ফিউজ স্টকে রাখতে হবে;

৭। সিএনজি সিস্টেমের গ্যাস লিক করছে, এমন মনে হলে গাড়ির মধ্যে ধূমপান থেকে বিরত থাকতে হবে এবং সিলিন্ডার সাট-অফ ভাল্বের নবটিকে 'সি' ধাপে দিয়ে সিএনজি ওয়ার্কসপে নিতে হবে;

৮। সিএনজি চালিত গাড়ির ভিতরে সকল জানালা বন্ধ থাকা অবস্থায় আগুন জ্বালানো এবং ধূমপান



(Md. Mezibur Rahman)
Consultant. TAPP. BREB

(Md. Duhidul Islam)
Consultant: TAPP. BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৩০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP. BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

করা নিষেধ।

৯। এতদব্যাতীত অন্যান্য ক্ষেত্রে পেট্রোল চালিত গাড়ির রক্ষণাবেক্ষণ নীতিমালা প্রতিপালিত হবে।

**৩। যানবাহন ব্যবহারঃ**

**ক) গাড়ি ব্যবহারের নিয়মাবলীঃ**

১। সরকার কর্তৃক জারীকৃত নির্দেশাবলী অনুযায়ী যে সব স্থানে যাতায়াতের জন্য বিমান, রেল, ষ্টীমার সার্ভিসের নিয়মিত ব্যবস্থা রয়েছে, সে ক্ষেত্রে সরকারী কাজের জন্য সময় সংকোচন করার নিমিত্তে বা বিশেষ কোন কারণ ব্যতীত নিজের ষ্টেশনের বাহিরে যাতায়াতের জন্য বাপবিবো এর যানবাহন ব্যবহার করা যাবে না।

২। যানবাহন পুল হতে অফিসের কাজে গাড়ি রিকুইজিশন করতে হলে, তাঁর কারণ উল্লেখ করতঃ সংশ্লিষ্ট পরিদপ্তরের জন্য বরাদ্দকৃত যানবাহন ঐ সময়ে অফিসের কি কাজে ব্যবহৃত হচেছ এবং কতক্ষণের জন্য ঐ কাজে তা নিয়োজিত থাকবে, রিকুইজিশন স্লিপে পরিস্কারভাবে উল্লেখ করতঃ পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক ) এর নিকট পাঠাতে হবে।

৩। পূর্ব অনুমোদিত ট্যুর প্রোগ্রাম কোন ক্রমেই অফিসের যানবাহনে ট্যুর করার নিশ্চয়তা প্রদান করবে না। অফিসের কাজে ঢাকার বাহিরে গাড়ি নিতে হলে প্রতিটি ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যদের পূর্বানুমতি নিতে হবে।

৪। সরকার কর্তৃক জারীকৃত নির্দেশাবলী অনুযায়ী যে সকল স্থানে বিমান, রেল এবং ষ্টীমারে যাওয়ার কথা, কাজের গুরুত্ব অনুযায়ী সে সকল স্থানে যাতায়াতের জন্য কখনও কখনও সংশ্লিষ্ট সদস্যগণের অনুমোদন সাপেক্ষে বাপবিবো যানবাহনসমূহ ব্যবহার করা হয়ে থাকে। এই নীতির আলোকে কেবলমাত্র অত্যন্ত জরুরী কাজেই সদস্যগণ ঢাকার বাহিরে গাড়িতে যাতায়াতের অনুমোদন প্রদান করবেন।

**খ) সার্বক্ষণিকভাবে গাড়ি ব্যবহারঃ**

১। সরকারী আদেশের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানের প্রধান হিসাবে চেয়ারম্যান সার্বক্ষণিক ব্যবহার (প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তা) হিসাবে মাসিক ৬০০.০০ (ছয়শত) টাকা প্রদান সাপেক্ষে যানবাহন ব্যবহার করতে পারবেন। এ ক্ষেত্রে জ্বালানী খরচের কোন সীমা থাকবে না।

২। সরকারী সিদ্ধান্ত মোতাবেক জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৬৬,০০০.০০ টাকা নির্ধারিত বেতন স্কেল প্রাপ্ত কর্মকর্তাগণ সার্বক্ষণিক ব্যবহার (প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তা) হিসাবে মাসিক ৬০০.০০ (ছয়শত) টাকা প্রদান সাপেক্ষে দৈনিক ১১/২ (দেড়) গ্যালন খরচ হিসেবে যানবাহন ব্যবহার করতে পারবেন।

৩। অফিসিয়াল গাড়ি ব্যবহারের ক্ষেত্রে দাপ্তরিক ব্যবহারকে ব্যক্তিগত ব্যবহারের উর্দ্ধে স্থান দিতে হবে।

৪। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী সার্বক্ষণিক ভিত্তিতে বরাদ্দকৃত গাড়ি বিভিন্ন সময়ে জারীকৃত সরকারী



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

নীতি দ্বারা পরিচালিত হবে।

**গ) অফিসে গাড়ি বাসা হতে আনা-নেওয়াঃ**

১। বাপবিবো এর উপ-পরিচালক এবং সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণ বাসা হতে অফিসে যাতায়াতের জন্য নির্দিষ্ট রুটের মাইক্রোবাস/মিনিবাস ব্যবহার করতে পারবেন। এ জন্য প্রতি কিঃমিঃ ০.৪০ (চল্লিশ পয়সা) টাকা হারে ভাড়া অথবা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নীতিমালা অনুযায়ী ভাড়া প্রদান করতে হবে।

২। সহকারী পরিচালক/সহকারী প্রকৌশলী বা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ বাসা হতে অফিসে যাতায়াতের জন্য নির্দিষ্ট রুটের স্টাফ বাস ব্যবহার করতে পারবেন। এ জন্য প্রতি কিঃমিঃ ০.২০ (বিশ পয়সা) টাকা হারে ভাড়া অথবা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত অনুযায়ী ভাড়া প্রদান করতে হবে।

৩। সহকারী পরিচালক/সহকারী প্রকৌশলী বা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণ উপ-পরিচালকদের জন্য বিদ্যমান নির্দিষ্ট রুটের মাইক্রোবাস/জীপ/মিনিবাসে শুধুমাত্র আসন খালি থাকা সাপেক্ষে যানবাহন শাখার অনুমতিক্রমে অফিসে আসা-যাওয়া করতে পারবেন। এ জন্য তাদেরকে প্রতি কিঃমিঃ ০.৪০ (চল্লিশ পয়সা) টাকা হারে ভাড়া অথবা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নীতিমালা অনুযায়ী ভাড়া প্রদান করতে হবে। তবে গাড়িতে আসন খালি না থাকলে ঐ গাড়িতে যাতায়াতের বিষয়টিকে তারা অধিকার হিসাবে দাবী করতে পারবেন না।

৪। দপ্তর/পরিদপ্তরের অনুকূলে বরাদ্ধকৃত গাড়িতে বাসা হতে অফিসে যাতায়াতের জন্য সংশ্লিষ্ট পরিচালক/সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণ ও তদুর্দ্ধ কর্মকর্তাগণকে (যাদের সার্বক্ষণিকভাবে গাড়ি ব্যবহারের প্রাধিকার নেই) প্রতি কিঃমিঃ ০.৬০ (ষাট পয়সা) টাকা হারে ভাড়া অথবা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নীতিমালা অনুযায়ী ভাড়া প্রদান করতে হবে।

৫। অফিসের গাড়ীতে বাসা থেকে আসা যাওয়ার ক্ষেত্রে কোন কর্মকর্তা/কর্মচারী একাধিক গাড়ীতে আসন বরাদ্দের দাবী করতে পারবেন না।

**ঘ) ঢাকার বাহিরে দাপ্তরিক কাজে গাড়ি ব্যবহারঃ**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর নিম্নলিখিত পরিস্থিতিতে পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর ঢাকার বাহিরে যানবাহন যাতায়াতের অনুমোদন দিবেনঃ

১। বাপবিবো/পবিস এর স্বার্থে মামলা পরিচালনার জন্য/ঢাকার বাইরে রেজিস্ট্রেশনকৃত গাড়ীর ফিটনেস ও এতদসংক্রান্ত কাজে সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে গমন;

২। কোন ইচ্ছুক সাংবাদিক/ভিজিটর, বিদেশী উপদেষ্টা/কোন সাহায্য সংস্থার প্রতিনিধি গমনের জন্য;

৩। অনুমোদিত ইভ্যালুয়েশন/উন্নয়ন এবং ফিজিবিলিটি টিমের কাজের জন্য;

৪। বাপবিবো এর মালামাল বহন বা অন্য কোন অনুমোদিত কাজে পিক-আপ এর জন্য;

ক্রমিক নং-১ হতে ৩ এ উল্লিখিত পরিস্থিতি ছাড়া সরকারের বর্তমান নীতিমালার আলোকে ঢাকার বাহিরে যানবাহন ব্যবহারের ক্ষেত্রে যে বিধিনিষেধ আছে তা বলবৎ থাকবে।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant. TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

| | |
|---|---|
| ঙ) **দাপ্তরিক কাজে ঢাকার বাহিরে পুল হতে গাড়ি রিকুইজিশনঃ**<br><br>দাপ্তরিক কাজে ঢাকার বাহিরে গমনের জন্য যানবাহন পুল হতে গাড়ি নেওয়ার প্রয়োজন হলে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবেঃ<br>১। সংশ্লিষ্ট সদস্য এর অনুমোদন সহকারে যানবাহন পুলে রিকুইজিশন প্রেরণ করতে হবে।<br>২। যানবাহন পুলে গাড়ি থাকা সাপেক্ষে প্রয়োজনীয় ছাড়পত্রসহ যানবাহন শাখা রিকুইজিশনকারী দপ্তর/পরিদপ্তরকে গাড়ি বরাদ্দ করবেন।<br>৩। এর জন্য রিকুইজিশনকারী দপ্তর/পরিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত গাড়ি যানবাহন পুলে জমা দিতে হবে;<br><br>পরিচালক ও তদুর্দ্ধ কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ঢাকার বাহিরে যাতায়াতের জন্য যানবাহন পুলে একটি জীপ সংরক্ষিত থাকবে। | |



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

চ) **ব্যক্তিগত কাজে যানবাহন ব্যবহারঃ**

১। ব্যক্তিগত কাজে বাপবিবো এর গাড়ি ব্যবহার করতে হলে কেবলমাত্র নির্ধারিত হারে ভাড়া প্রদান সাপেক্ষে তা বরাদ্দ করা হবে;

২। ব্যক্তিগত কাজে গাড়ি ব্যবহারের জন্য রিকুইজিশন সরাসরি যানবাহন বিভাগ এ প্রেরণ করতে হবে এবং গাড়ি থাকলে সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন বিভাগ ব্যক্তিগত ব্যবহারের ফর্ম পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক ) এর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৩। কোন যানবাহন ব্যক্তিগত কাজে ব্যবহারের অনুমোদিত প্রত্যয়নপত্র ব্যতিরেকে গ্যারেজ হতে বের করা যাবে না (গ্যারেজ বলতে সদর দপ্তর ভবনস্থ কমপেক্স বুঝাবে)।

৪। ব্যক্তিগত কাজে ঢাকার বাইরে গাড়ি নিতে হলে সকল ক্ষেত্রেই চেয়ারম্যান এর অনুমোদন প্রয়োজন হবে;

৫। ব্যক্তিগত কাজে বাপবিবো এর বাস, কার, জীপ, মাইক্রোবাস, পিক-আপ ও কোষ্টার ব্যবহারের জন্য নিম্নলিখিত হারে অথবা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নীতিমালার ভিত্তিতে ভাড়া পরিশোধ করতে হবে।

| যানবাহন | কিঃমিঃ প্রতি রেট (টাকায়) | ঘন্টা প্রতি হল্টেজ (টাকায়) |
|---|---|---|
| কার | ২.০০ | ১০.০০ |
| জীপ | ২.০০ | ১০.০০ |
| মাইক্রোবাস | ২.০০ | ১৫.০০ |
| পিক-আপ (শুধুমাত্র মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের ছেলে মেয়েদের স্কুলে আনা নেওয়ার জন্য)। | ২.০০ | ১৫.০০ |
| মিনি বাস | ২.০০ | ১৫.০০ |
| কোষ্টার | ২.০০ | ২০.০০ |

৬। সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নীতিমালার ভিত্তিতে ভাড়া প্রদান সাপেক্ষে ব্যক্তিগত কাজে কর্মকর্তাদের মধ্যে শুধুমাত্র ঢাকা (গাজীপুর ও নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন এবং সাভার আওতাভুক্ত এলাকাসহ) শহরের মধ্যে পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক ) কর্তৃক বরাদ্দ করা হবে।

৭। বাপবিবো এর কর্মকর্তা/কর্মচারীর নিজস্ব ও তাদের ডিপেনডেন্ট এর বিশেষ প্রয়োজনে (যেমন- হাসপাতাল অথবা বিমান বন্দরে যাওয়া, বিবাহ, বাসা পরিবর্তন ইত্যাদি) যানবাহন ব্যবহারের সুবিধা প্রদান করা হবে।

৮। বাপবিবো এর বাস সাধারণতঃ ভাড়া দে'য়া হবে না, কেবলমাত্র সমষ্টিগত/দলগত কাজে অথবা বিশেষ ক্ষেত্রে চেয়ারম্যানের অনুমোদন সাপেক্ষে বাস ভাড়া দে'য়া হবে।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৩০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

**ছ) লগবুক ব্যবহার, গাড়ি গ্যারেজে রাখা, গাড়ির সিট কভার ধোলাইঃ**

১। প্রতিদিন গাড়ি ব্যবহার শেষে গাড়ির মাইল মিটার রিডিং অথবা সর্বসাকুল্যে কত মাইল ভ্রমণ করা হয়েছে তা লগবুকে লিপিবদ্ধ করে ব্যবহারকারী স্বাক্ষর করবেন। এছাড়া, অফিসিয়াল ও ব্যক্তিগত কাজে ব্যবহারের জন্য মাইলেজ পৃথক পৃথকভাবে লিপিবদ্ধ করতে হবে।

২। পরিচালকগণ নিজ নিজ অফিসের বরাদ্দকৃত গাড়ি ব্যক্তিগত কাজে ব্যবহারের জন্য ট্রিপসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ পূর্বক লগবুক আপ-টু-ডেট রাখবেন এবং এর জন্য নিজেরাই আউট পাশ ইস্যু করবেন।

৩। ব্যক্তিগত কাজে গাড়ি ব্যবহারের বিল সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রস্তুতপূর্বক প্রতি মাসের ২০ তারিখের মধ্যে হিসাব শাখায় জমা দিতে হবে।

৪। পরিচালক এবং তদুর্দ্ধ পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের বাসস্থানে গ্যারেজের সু-ব্যবস্থা থাকা সাপেক্ষে তাঁদের দপ্তর/পরিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত গাড়ি নিজ দায়িত্বে বাসস্থানে রাখতে পারবেন। এক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন করতে হবে।

৫। বাপবিবো এর দপ্তর/পরিদপ্তরসমূহে বরাদ্দকৃত সকল ধরনের জীপ, কার, পিক-আপ ও মাইক্রোবাস এর নিম্নবর্ণিত শর্তে সীট কভারের ব্যবস্থা করা যাবেঃ

ক) প্রতি ০২ (দুই) বছর অন্তর সকল ধরনের জীপ, কার, পিক-আপ ও মাইক্রোবাস এর সিট কভার পরিবর্তন করা যাবে;

খ) প্রতি ০৬ (ছয়) মাস অন্তর সকল ধরনের জীপ, কার, মাইক্রোবাস ও পিক আপের সিট কভারসমূহ ধোলাই করা যাবে;

গ) উক্ত সীট কভার ক্রয় ও ধোলাই খরচ স্ব-স্ব ইমপ্রেষ্ট তহবিল হতে ব্যয় নির্বাহ করা যাবে।

৪। **গাড়িচালকদের আর্থিক সুবিধাদিঃ**

**ক) হালকা যানবাহন চালকদের জন্যঃ**

গাড়ি চালকগণের অফিস সময়ের পর অতিরিক্ত কাজের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নীতিমালার হারে ওভারটাইম প্রদান করা হবে।

**খ) ভারী যানবাহন চালকদের অধিকাল ভাতাঃ**

১। বাপবিবো এর স্টাফ বাস চালকদের জন্য বরাদ্দকৃত অধিকাল ভাতা মাসিক ১,০০০.০০ (এক হাজার) টাকা হবে;

২। হেলপার বিহীন গাড়ি চালনা ও গাড়ি রক্ষণাবেক্ষণ করার জন্য ভারী যানবাহন চালকগণ মাসিক ৫০০.০০ (পাঁচশত) টাকা বিশেষ ভাতা পাবে।

**গ) উৎসাহ বোনাসঃ** বোর্ড কর্তৃক সময় সময় গৃহীত সিদ্ধান্তের আলোকে এতদবিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant: TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant. TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

০৫। **টায়ার/টিউব, ব্যাটারি ও খুচরা যন্ত্রাংশ নিলামঃ**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর পুরাতন টায়ার-টিউব, ব্যাটারি ও খুচরা যন্ত্রাংশ স্টোর কনডেমনেশন কমিটি কর্তৃক কনডেম ঘোষণা করতঃ নিলাম কমিটি কর্তৃক নিম্নবর্ণিত নীতিমালা অনুযায়ী বিক্রয় করা হবে;

কমপক্ষে টায়ার- টিউব ১০০টি, ব্যাটারি ৪০টি ও খুচরা যন্ত্রাংশ লট আকারে বাপবিবো বিভিন্ন নোটিশ বোর্ডে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ পূর্বক বিক্রয় করা যাবে।

০৬। **গড় মাইলেজ নির্ধারণঃ**

প্রয়োজন অনুযায়ী গাড়ি ব্যবহারকারী দপ্তর/পরিদপ্তর প্রধান কর্তৃক নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে গড় মাইলেজ নির্ধারণ করতে হবেঃ

**(১) যানবাহন পুল ও ঢাকাস্থ অন্যান্য দপ্তর/ পরিদপ্তরের জন্য।**

ক) উপ-পরিচালক (কারিগরী/প্রশাসন) - আহবায়ক
খ) সহকারী পরিচালক/প্রকৌশলী (যানবাহন) - সদস্য-সচিব
গ) সহকারী পরিচালক(অর্থ) (পরিচালক কর্তৃক মনোনীত) - সদস্য

ঢাকাস্থ অন্যান্য দপ্তর/ পরিদপ্তরের জন্য সংশ্লিষ্ট দপ্তরের সহকারী প্রকৌশলী/ সহকারী পরিচালক-কে বর্ণিত কমিটিতে কো-অপ্ট করা যাবে।

**(২) ঢাকার বাইরে অবস্থিত দপ্তর/পরিদপ্তর সমূহের জন্য**

ক) নির্বাহী প্রকৌশলী/ উপ-পরিচালক (সংশ্লিষ্ট দপ্তর) - আহবায়ক
খ) সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট দপ্তর/জোনের আওতাধীন) - সদস্য
গ) উপ-সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট দপ্তর/জোনের আওতাধীন) - সদস্য

সিএনজি চালিত যানবাহনের ক্ষেত্রে আরপিজিসিএল এর প্রতিনিধির সহায়তা গ্রহণ করা যাবে।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant; TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakraborty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

০৭। **যানবাহনের যান্ত্রিক ত্রুটি নিরূপণে গাড়ী চালকের করণীয়ঃ**

**চালক কর্তৃক দৈনিক রক্ষণাবেক্ষণ।** ভেহিক্যালের কিছু দৈনিক রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন আছে যা চালকের দায়িত্ব এবং অবশ্য করণীয়। এ সকল রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শনগুলো সুষ্ঠু এবং যথাযথভাবে করা যায় তাহলে ভেহিক্যালের কর্মক্ষমতা সর্বদাই বজায় থাকে এবং মেরামতের প্রয়োজনীয়তা অনেকাংশে কমে যাবে। চালকের দৈনিক রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন নিম্নে তিন পর্যায়ে ভাগ করা যায়ঃ

ক। **ডিউটিতে গমনের পূর্বে চালক কর্তৃক করণীয় কাজঃ**

(১) চাকার নাটের প্যাঁচ কাটা কিনা এবং মজবুতভাবে লাগানো আছে কিনা পরীক্ষা করা এবং নাট ঢিলা থাকলে মজবুত ভাবে লাগানো;

(২) ম্যানুয়াল অনুযায়ী স্পেয়ার টায়ারসহ সকল টায়ারের প্রেসার নিশ্চিত করা;

(৩) পেট্রোল/ডিজেল, ইঞ্জিন অয়েল, পাওয়ার ষ্টিয়ারিং ফ্লুইড, ব্রেক ও ক্লাচ ফ্লুইড, ব্যাটারীর ইলেক্ট্রোলাইট এবং কুলেন্ট এর লেভেল সঠিক আছে কিনা তা পরীক্ষা করা এবং লেভেল কম/বেশী থাকলে তা পূর্ণ/খালী করে সঠিক লেভেল নিশ্চিত করা;

(৪) ব্যাটারী অপরিস্কার থাকলে পরিস্কার করা;

(৫) ব্যাটারী টারমিনালে মরিচা ধরলে পরিস্কার করা এবং পেট্রোলিয়াম জেলি লাগানো;

(৬) টারমিনাল ঢিলাভাবে লাগানো থাকলে সতর্কতার সাথে টাইট করা;

(৭) ভেন্ট প্লাগ এবং ডেন্ট প্লাগের ছিদ্র অপরিস্কার থাকলে পরিস্কার করা;

(৮) কোন সেলে ইলেক্ট্রোলাইট কম থাকলে তা ঢেলে লেভেল পূর্ণ করা;

(৯) ব্যাটারী ঢিলা অবস্থায় বসানো থাকলে শক্তভাবে বসানো;

(১০) সকল ইলেকট্রিক তার ছেঁড়া বা খারাপ আছে কিনা দেখতে হবে। অপরিস্কার থাকলে পরিস্কার করে এবং ঢিলা থাকলে শক্ত করে লাগানো;

(১১) এয়ার ক্লিনার ও এসির ফিল্টার পরিস্কার আছে কিনা তা নিশ্চিত করা;

(১২) আগের দিন বা তার আগে যে সমস্ত যন্ত্রাংশ মেরামত করা হয়েছে তা ঠিকা আছে কিনা বা মজবুতভাবে বসানো কিনা লক্ষ্য করা;

(১৩) ইঞ্জিন স্টার্ট করে নিম্নের বিষয়সমূহ নিশ্চিত করাঃ



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant; TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(ক) ইঞ্জিন অস্বাভাবিক শব্দ করে কিনা তা লক্ষ্য করা;

(খ) ড্যাসবোর্ডে রক্ষিত সকল ধরণের মিটার, সকল লাইট এবং হর্ন কাজ করে কিনা পরীক্ষা করে দেখা;

(গ) অল্টারনেটর (জেনারেটর) ব্যাটারী ঠিকমত চার্জ করে কিনা লক্ষ্য করা;

(ঘ) এক্সস্ট পাইপ, পেট্রোল/ডিজেল লাইন, হাইড্রোলিক লাইন ও কুলেন্ট পাইপ/রেডিয়েটর লিক করে কিনা তা লক্ষ্য করা;

(ঙ) বিভিন্ন এ্যাসেম্বলী এবং যানবাহনের নীচে দেখে নিশ্চিত হওয়া যে কোথাও তেল লিক করে কিনা;

(চ) স্টিয়ারিং কাজ করে কিনা তা লক্ষ্য করা;

(ছ) ব্রেক কাজ করে কিনা তা পরীক্ষা করে দেখা;

(জ) যে সকল ভেহিক্যালে হাইড্রোলিক ব্রেক আছে, সে সকল ব্রেক লাইনে বাতাস আছে কিনা পরীক্ষা করতে হবে। প্রথম ব্রেক পেডেল সম্পূর্ণভাবে নীচের দিকে দাবায়ে শক্ত মনে না হলে স্পঞ্জের মত মনে হলে কয়েকবার ব্রেক পেডেল নীচের দিকে দাবাতে হবে। প্রত্যেকবার পেডেল সমপরিমানে নীচের দিকে না গেলে ব্রেক লাইনে বাতাস আছে মনে করতে হবে এবং ব্লিডিং করে বাতাস দূর করতে হবে;

(ঝ) ক্লাচ পেডেল সহজ এবং স্বাভাবিকভাবে কাজ করে কিনা পরীক্ষা করে দেখা;

(ঞ ক্লাচ পেডেলের ফ্রি প্লে লক্ষ্য করতে হবে, এটা আনুমানিক এক ইঞ্চি হওয়া উচিত;

(ট) ড্যাসবোর্ডে টাইমিং বেল্ট এর বাতি (যদি থাকে) পরীক্ষা করা। এটা জ্বলা অবস্থায় পাওয়া গেলে স্টার্ট বন্ধ করে ওয়ার্কশপে কর্মরত ব্যক্তিবর্গের সহায়তা নিতে হবে;

(১৪) ড্যাসবোর্ডের বিভিন্ন সুইচ যেমন স্টার্টিং, ওয়াইপার, হেড এবং সাইড লাইট ইত্যাদি সুইচ কাজ করে কিনা পরীক্ষা করে দেখা;

(১৫) গাড়ী চলমান অবস্থায় স্টিয়ারিং যে কোন এক দিকে টানে কিনা লক্ষ করা। টানলে ওয়ার্কশপের মাধ্যমে ত্রুটিমুক্ত করা;

(১৬) গাড়ী চলমান অবস্থায় ব্রেক করতে হবে। একদিকে বেশী এবং অন্যদিকে কম ব্রেক হয়ে গাড়ী ঘুরে যায় কিনা পরীক্ষা করতে হবে। এমতাবস্থায় ব্রেক ব্লিডিং করতে হবে;



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant: TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant. TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৫০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(১৭) ব্রেক ড্রামে তেল লিক করে কিনা তা পরীক্ষা করে দেখা;

(১৮) এক্সেলারেটর পেডেল সহজ এবং স্বাভাবিক কাজ করে কিনা পরীক্ষা করে দেখা;

(১৯) গিয়ার লিভার দ্বারা বিভিন্ন গিয়ার পরিবর্তণ (Engage) হয় কিনা পরীক্ষা করে দেখা;

(২০) এক্সেল এবং ডিফারেন্সিয়াল বক্স (Differential Case) ফাটা কিনা বা তেল লিক করে কিনা লক্ষ্য করা;

(২১) যানবাহনের সামনের এক্সেল উঁচু করে নিম্নলিখিত জিনিস লক্ষ্য করতে হবেঃ

(ক) ব্রেক সব সময় লাগা থাকে কিনা;

(খ) টায়ারের অসম ক্ষয় হয়েছে কিনা;

(গ) চাকা সহজভাবে ঘুরে কিনা;

(ঘ) চাকা ঘুরার সময় বেয়ারিং এর মধ্যে কোন অস্বাভাবিক শব্দ করে কিনা;

(২২) ওয়েল বাথ টাইপ এয়ার ক্লিনার তৈল পরিস্কার এবং এর লেভেল ঠিক আছে কিনা দেখতে হবে এবং তেলের লেভেল কম থাকলে তা পূর্ণ করতে হবে। পেপার টাইপ এয়ার ক্লিনারে বাতাসে প্রবেশের উল্টো দিক দিয়ে বেগে বাতাস দিয়ে পরিস্কার করতে হবে;

(২৩) সকল প্রকার পাইপ এবং সংযোগ স্থল লিক করে কিনা লক্ষ্য করতে হবে;

(২৪) ফুয়েল পাম্প এবং ফুয়েল ফিল্টার লিক করে কিনা লক্ষ্য করতে হবে;

(২৫) রাস্তায় চলা অবস্থায় কোন অস্বাভাবিক শব্দ বা গন্ধ অনুভূত হলে রাস্তার পাশে দাড় করে পরীক্ষা করতে হবে এবং প্রয়োজনে ব্যবস্থা নিতে হবে;

(২৬) হাফ ক্লাচ অবস্থায় ভেহিক্যাল যেন চালানো না হয় তা লক্ষ্য রাখতে হবে।

খ। **যাত্রা বিরতীতে করণীয় কাজঃ**

(১) চাকার নাটের প্যাঁচ কেটে গিয়েছে কিনা এবং মজবুতভাবে লাগানো আছে কিনা পরীক্ষা করতে হবে। নাট ঢিলা থাকলে মজবুতভাবে লাগাতে হবে;

(২) টায়ারে তারকাটা, পাথরের টুকরা, কাঁচের টুকরা ইত্যাদি বিধে আছে কিনা বা টায়ারের কোথায় কেটে গেছে কিনা দেখতে হবে;



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৩০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(৩) পেট্রোল/ডিজেল, তেল এবং পানির লেভেল ঠিক আছে কিনা দেখতে হবে। তবে ইঞ্জিন গরম অবস্থায় রেডিয়েটরের পানি দেখা যাবে না। কমপক্ষে ৩০ মিনিট ইঞ্জিন ঠান্ডা হওয়ার পর পানির লেভেল দেখতে হবে;

(৪) ব্রেক ও ক্লাচ মাষ্টার সিলিন্ডারের তেলের লেভেল ঠিক আছে কিনা দেখতে হবে;

(৫) ব্রেক ড্রাম হতে তেল লিক করে কিনা দেখতে হবে;

(৬) সকল প্রকার পাইপ এবং সংযোগ স্থল লিক করে কিনা লক্ষ্য করতে হবে;

(৭) ফুয়েল পাম্প এবং ফুয়েল ফিল্টার লিক করে কিনা লক্ষ্য করতে হবে;

(৮) বিভিন্ন এ্যাসেম্বলী এবং যানবাহনের নীচে কোথায় তেল লিক করে কিনা দেখতে হবে;

(৯) লোড স্প্রিং দেখা, ইউ বোল্ট ঢিলা হয়ে গিয়েছে কিনা এবং স্প্রিং এর কোন পাত ভেঙ্গে গিয়েছে কিনা লক্ষ্য করা।

**(গ) ডিউটি শেষে চালক কর্তৃক আবশ্যক কারণীয় কাজঃ**

(১) যে সকল যানবাহনে হাওয়া ব্রেক আছে ডিউটি শেষে ঐ সকল গাড়ীর এয়ার বোতল হতে জমে থাকা পানি বের করা;

(২) গাড়ী পিটে তুলে ভালভাবে পরিস্কার করে অনুচ্ছেদ "০৭ এর ক" তে বর্ণিত সকল কাজ সম্পন্ন করা;

(৩) পেট্রোল/ডিজেল ট্যাংক পূর্ণ করা। পেট্রোল/ডিজেলের খালি জেরিক্যান পরিস্কার করে পূর্ণ করা;

(৪) ফ্যান/টাইমিং বেল্টের টেনশন ঠিক আছে কিনা তা নিশ্চিত করা;

(৫) গাড়ীর সকল সুইচ অফ পজিশনে আছে কিনা নিশ্চিত করা;

(৬) ইঞ্জিনের সাথে লেগে থাকা ধুলা, বালি, ময়লা ইত্যাদি বাতাস দিয়ে পরিস্কার করতে হবে। পানি দিয়ে পরিস্কার করা হলে ইলেকট্রিক জয়েন্ট, ফিউজ জাংশন ও বক্স ইত্যাদির মধ্যে পানি প্রবেশ করে শর্ট সার্কিট হতে পারে;

(৭) উপরে বর্ণিত সকল রক্ষণাবেক্ষণ ও কার্যক্রমের সময় কোন ত্রুটি পাওয়া গেলে চালক কর্তৃক তা দূর করতে হবে। যদি সম্ভব না হয় তবে ওয়ার্কশপ এর ব্যক্তিবর্গের সহায়তা নিয়ে ত্রুটি দূর করতে হবে।

**(ঘ) প্রশিক্ষণঃ**

উপরে বর্ণিত অনুচ্ছেদ "০৭(ক), ০৭(খ) ও ০৭(গ)" এর বিষয়ে বাপবিবোর্ডের প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক সময়ে সময়ে গাড়ীচালকগণের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

০৮। **বিবিধঃ**

প্রতিটি গাড়ির জন্য একটি করে ইতিহাস বই থাকবে, যা নিম্নবর্ণিতভাবে ব্যবহৃত হবেঃ

১। ইতিহাস বই প্রত্যেক গাড়ির জন্য একটি করে ব্যবহৃত হবে এবং যে সকল দপ্তর/পরিদপ্তরে গাড়ি ব্যবহৃত হবে প্রত্যেকেই স্ব-স্ব দায়িত্বে উহা সংরক্ষণ করবে।

২। যখন কোন গাড়ি এক দপ্তর হতে অন্য দপ্তরে স্থানামন্তর বা কেন্দ্রীয় যানবাহন মেরামত কারখানায় মেরামতের উদ্দেশ্যে প্রেরণ করা হবে, তখনই প্রয়োজনীয় তথ্যাদি অমন্তর্ভুক্তির জন্য এ বই সংগে থাকতে হবে। বেসরকারী কারখানায় মেরামতের ক্ষেত্রে গাড়ি রক্ষণাবেক্ষণর জন্য দায়িত্বপ্রাপ্ত অফিসার কর্তৃক এ বইয়ে প্রয়োজনীয় তথ্যাদি অমর্ন্তভুক্তি নিশ্চিত করতে হবে।

৩। কোন গাড়ির ইতিহাস বই যখন পূর্ণ হয়ে যাবে, তখন একটি নূতন বই খুলতে হবে, যা পুরাতন বইয়ের সহিত সংযুক্ত হবে। নিমণলিখিত বিবরণসমূহ পুরাতন বই হতে নূতন বইয়ে স্থানান্তর করতে হবেঃ

(ক) গাড়ির বিবরণ।

(খ) গাড়ির মোট মাইলেজ।

(গ) সর্বশেষ ওভারহলিং এর পর গাড়ির মোট মাইলেজ।

(ঘ) টায়ারের হিসাব/মাইলেজ (নতুন বই খোলার সময় গাড়িটিতে প্রকৃতপক্ষে যে কয়টি টায়ার লাগানো ছিল তার সংখ্যাসহ মাইলেজ)।

(ঙ) গাড়ির যন্ত্রপাতির (টুলস) বিস্তারিত বিবরণ।

৪। ঢাকা ও ঢাকার বাহিরের দপ্তর/পরিদপ্তরের গাড়িগুলি ইতিহাস বই সংরক্ষণের জন্য নিমণলিখিত বিধানগুলি পালন করতে হবেঃ

(ক) স্ব-স্ব দপ্তর/পরিদপ্তরের গাড়িটির রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ উক্ত ইতিহাস বইয়ে বিভিন্ন বিষয় লিপিবদ্ধ করবেন এবং দপ্তর প্রধান প্রতিস্বাক্ষর করবেন।

(খ) কেন্দ্রীয় যানবাহন মেরামত কারখানায় গাড়ি মেরামতের উদ্দেশ্যে প্রেরণ করা অথবা কেন্দ্রীয় যানবাহন পুলে ফেরৎ দে'য়ার সময় সংশ্লিষ্ট গাড়ির ইতিহাস বইও ফেরৎ/প্রেরণ করতে হবে।

(গ) বাপবিবো এর যানবাহন শাখা/নিরীক্ষা দল কর্তৃক দপ্তর/পরিদপ্তরের গাড়ি পরিদর্শনকালে ইতিহাস বই প্রদর্শন করতে হবে।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant: TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakraborty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

০৯। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিভিন্ন দপ্তর/পরিদপ্তর/অফিসের বিপরীতে গাড়ির প্রাপ্যতাঃ

| ক্রমিক নং | দপ্তর/পরিদপ্তর/অফিসের নাম | | যানবাহনের ধরন | যানবাহনের সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | চেয়ারম্যান এর দপ্তর | - | জীপ | ০২ টি |
| (২) | সদস্যগণের দপ্তর | - | জীপ | ০১ টি করে |
| (৩) | প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর | - | জীপ,<br>ডাবল ক্যাবিন পিক-আপ | ০১ টি<br>০১ টি |
| (৪) | প্রধান প্রকৌশলী (পওপ) এর দপ্তর | - | জীপ,<br>ডাবল ক্যাবিন পিক-আপ | ০১ টি<br>০১ টি |
| (৫) | নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) এর দপ্তর | - | জীপ | ০১ টি |
| (৬) | নির্বাহী পরিচালক এর দপ্তর | - | জীপ | ০১ টি |
| (৭) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ) এর দপ্তর | - | জীপ | ০১ টি |
| (৮) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন) এর দপ্তর | - | জীপ | ০১ টি |
| (৯) | বাপবিবো'র সচিব/ পরিচালক/ তত্ত্বাবধায়কপ্রকৌশলী/ সিনিয়র সিস্টেম এনালিষ্ট এর সমপদমর্যাদার কর্মকর্তাগণের দপ্তর/পরিদপ্তর | - | জীপ/কার | ০১ টি করে |
| (১০) | একান্ত সচিব-চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর | - | জীপ/কার | কাজের স্বার্থে ও জনস্বার্থে গাড়ী, গাড়ীচালক ও জ্বালানী যানবাহন পুল হতে সরবরাহ করা হবে |
| (১১) | নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (মাঠ পর্যায়) | - | জীপ/ডাবল ক্যাবিন পিক-আপ | ০১ টি |
| (১২) | প্রশিক্ষণ পরিদপ্তর [প্রশিক্ষণার্থীদের নাস্তা/খাবার, ইত্যাদি আনা নেওয়া এবং অন্যান্য লজিষ্টিক সাপোর্ট প্রদানের জন্য] | - | ডাবল ক্যাবিন/ সিঙ্গেল ক্যাবিন পিক-আপ | ০১টি<br>(ক্রমিক নং-০৯ এর অতিরিক্ত) |
| (১৩) | কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা | - | ডাবল ক্যাবিন/ সিঙ্গেল ক্যাবিন পিক-আপ | ০১টি |
| (১৪) | উপ-পরিচালক, কেন্দ্রীয় পণ্যাগার, খুলনা | - | জীপ/ ডাবল ক্যাবিন/ সিঙ্গেল ক্যাবিন পিক-আপ,<br>মাইক্রোবাস | ০১টি<br>০১টি |
| (১৫) | উপ-পরিচালক, কেন্দ্রীয় পণ্যাগার, চট্টগ্রাম | - | ডাবল ক্যাবিন/ সিঙ্গেল ক্যাবিন পিক-আপ | ০১টি |

<table>
<tr><td colspan="5">বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড</td></tr>
<tr><td colspan="5">বাপবিবো নির্দেশিকাঃ ৭০০-০৬:<br>বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর যানবাহন সংক্রান্ত নীতিমালা।</td></tr>
<tr><td>মূল তারিখ</td><td>সংশোধনকারী</td><td>অনুমোদনকারী</td><td>সেকশন/পৃষ্ঠা</td><td>সংশোধনী নম্বর</td></tr>
<tr><td>২৩-০৩-১৯৮৭</td><td>বাপবিবো</td><td>বাপবিবো বোর্ড</td><td>৭০০-০৬-২২</td><td>১৪ (০২-২০২০)</td></tr>
<tr><td colspan="5">সংশোধনের তারিখঃ ২৭-০১-১৯৯২, ২৮-০২-১৯৯৩, ১১-০৮-১৯৯৩, ০৪-০৬-১৯৯৮, ০৩-০৩-১৯৯৯, ২৩-০১-২০০২, ০৮-০৬-২০০২, ১৭-০৯-২০০২, ২৮-১০-২০০২, ০২-০৪-২০০৩, ১৬-০৪-২০০৩, ০৯-১১-২০০৩, ০১-০৯-২০০৫, ১৯-০২-২০২০</td></tr>
</table>

(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant: TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

| ক্রমিক নং | দপ্তর/পরিদপ্তর/অফিসের নাম | | যানবাহনের ধরন | যানবাহনের সংখ্যা |
|---|---|---|---|---|
| (১৬) | উপ-পরিচালক, কেন্দ্রীয় পণ্যাগার, ঢাকা | - | ডাবল ক্যাবিন/ সিঙ্গেল ক্যাবিন পিক-আপ | ০১টি |
| (১৭) | উপ-পরিচালক/ নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (সিস্টেম অপারেশন ওয়ার্কশপ) | - | ডাবল ক্যাবিন/ সিঙ্গেল ক্যাবিন পিক-আপ | ০১টি |
| (১৮) | নির্বাহী প্রকৌশলী, উপকেন্দ্র নির্মাণ বিভাগ | - | ডাবল ক্যাবিন/ সিঙ্গেল ক্যাবিন পিক-আপ | ০১টি |
| (১৯) | নির্বাহী প্রকৌশলী (পূর্ত ও রক্ষণাবেক্ষণ) এর দপ্তর | - | ডাবল ক্যাবিন পিক-আপ | ০১টি |
| (২০) | যানবাহন শাখা (পুল), সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর | - | জীপ, কার, ডাবল ক্যাবিন পিক-আপ, সিঙ্গেল ক্যাবিন পিক-আপ, মাইক্রোবাস, এ্যাম্বুলেন্স, বাস | - |
| (২১) | নির্বাহী প্রকৌশলী (পূর্ত ও রক্ষণাবেক্ষণ) এর দপ্তরে কর্মরত সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী | - | মোটর সাইকেল | ০১টি |
| (২২) | তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় (মাঠ পর্যায়) [এ কর্মরত সহকারী প্রকৌশলী এর ব্যবহারের জন্য] | - | মোটর সাইকেল | ০১টি |
| (২৩) | তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় (মাঠপর্যায়) [এ কর্মরত উপ-সহকারী প্রকৌশলী এর ব্যবহারের জন্য] | - | মোটর সাইকেল | ০১টি |
| (২৪) | সহকারী প্রকৌশলী/সহকারী পরিচালক, কেন্দ্রীয় পণ্যাগার, খুলনা | - | মোটর সাইকেল | ০১টি |
| (২৫) | তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় (মাঠপর্যায়) [এ কর্মরত লাইন নির্মাণ পরিদর্শক এর ব্যবহারের জন্য] | - | মোটর সাইকেল | ০১টি |
| (২৬) | নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (মাঠপর্যায়) [এ কর্মরত সহকারী প্রকৌশলী এর ব্যবহারের জন্য] | - | মোটর সাইকেল | ০১টি |
| (২৭) | নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (মাঠপর্যায়) [এ কর্মরত উপ-সহকারী প্রকৌশলী এর ব্যবহারের জন্য] | - | মোটর সাইকেল | ০১টি |



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং : ৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

| ক্রমিক নং | দপ্তর/পরিদপ্তর/অফিসের নাম | | যানবাহনের ধরন | যানবাহনের সংখ্যা |
|---|---|---|---|---|
| (২৮) | নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (মাঠপর্যায়) [এ কর্মরত লাইন নির্মাণ পরিদর্শক এর ব্যবহারের জন্য] | - | মোটর সাইকেল | ০১টি |
| (২৯) | সহকারী প্রকৌশলী (যানবাহন), সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর | - | মোটর সাইকেল | ০১টি |
| (৩০) | তত্ত্বাবধায়ক (যানবাহন), সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর | - | মোটর সাইকেল | ০১টি |
| (৩১) | তত্ত্বাবধায়ক (সম্পত্তি), সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর | - | মোটর সাইকেল | ০১টি |
| (৩২) | ফোরম্যান, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর | - | মোটর সাইকেল | ০১টি |
| (৩৩) | মেকানিক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর | - | মোটর সাইকেল | ০১টি |
| (৩৪) | ডেসপাস রাইডার | - | মোটর সাইকেল | ০১টি |

Note-1. উল্লেখ্য যে, যানবাহন শাখা (পুল), সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তরে প্রয়োজনীয় সংখ্যক যানবাহন থাকবে, যার দ্বারা কর্মকর্তা/কর্মচারীগণকে অফিসে আনা-নেয়া, উর্ধ্বতন কর্তৃপক্ষ, বিদেশী ডেলিগেট, ডোনার এজেন্সীর কর্মকর্তাগণের ফিল্ড ভিজিট, মামলা পরিচালনা ও বোর্ডের দাপ্তরিক কাজে ব্যবহার করা হবে।

Note-2. প্রকল্পের বিপরীতে সৃষ্ট দপ্তর/পরিদপ্তর/প্রকল্পের মাঠপর্যায়ের অফিসসমূহে সংশ্লিষ্ট প্রকল্পের সংস্থান মোতাবেক গাড়ী, গাড়ীচালক এবং জ্বালানী বরাদ্দ প্রদান করা হবে।

Note-3. অন্যত্র যা-ই বলা থাক না কেন ডিউটি শেষে গাড়ী দপ্তরের নির্ধারিত গ্যারেজে জমা প্রদান করতে হবে।

Note-4. একই ব্যক্তি একাধিক দপ্তরের দায়িত্বে নিয়োজিত থাকলে তিনি তাঁর মূল দপ্তরের বিপরীতে বরাদ্দকৃত ০১ (এক)টি গাড়ী ব্যবহার করবেন। অন্যান্য গাড়ীগুলো যানবাহন শাখা (পুল) এর তত্ত্বাবধানে থাকবে।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.